



শনিবার আইডিয়াল স্কুলে ভর্তি পরীক্ষার শিতরা, (বামে) বাইরে অভিভাবকদের উপস্থিতিতে

বেসরকারি স্কুলগুলোতে চলছে ভর্তিযুদ্ধ

৯ই জানুয়ারি থেকে ২৪টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

নিজস্ব বাতা পরিবেশক : ঢাকার বেসরকারি স্কুলগুলোতে শুরু হয়েছে ভর্তিযুদ্ধ। ভর্তি নিয়ে উৎসাহ আর উৎকর্ষের শেষ নেই অভিভাবকদের। আগামী ৯ই জানুয়ারি থেকে শুরু হবে সরকারি স্কুলগুলোর ভর্তি পরীক্ষা। তীব্র প্রতিযোগিতার দু'বোনুই হচ্ছে ভর্তিযুদ্ধে ছাত্রছাত্রীরা।

শনিবার আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের সিনিয়র সিনিয়র প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ১৭-২০টি আসনের জন্য ভর্তিযুদ্ধে অবতীর্ণ হয়েছিল প্রায় সাড়ে ৪ হাজার ছাত্রছাত্রী। অর্থাৎ ৩৭ জনের মধ্যে একজন ভর্তি সুযোগ পাবে।

শেষ হয় বেলা ১১টায়। গতকাল আইডিয়াল স্কুলের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষার প্রস্তুত বেশ কঠিন হয়েছে বলে ছাত্রছাত্রীরা জানায়।

চলছে : পৃঃ ১১ কঃ ৭

চলছে : ভর্তিযুদ্ধ

(১ম পৃষ্ঠার পর)
শনিবার ইসলাম বহাল, কঠিন কঠিন প্রস্তুতি নিয়েছে। অনেক কিছুই পরিচিনিত। তবে ভাল পরীক্ষা দেয়ার কপাও জানিয়েছে কেউ কেউ। তাদেরই একজন সাকিব। সে জানায়, 'জমি ভাল পাব। ভাল লিখেছি, প্রায় সবই পেরেছি। প্রথম শ্রেণীর জন্য প্রস্তুত কঠিনই হয়েছে বলে অনেক অভিভাবক অভিযোগ করেছেন। এই অভিযোগ সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করা হলে অধ্যক্ষ, অধ্যাপক মো. এ. কে. নেওয়াজ বলেন, এটি একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা। মেধাধী ছাত্রছাত্রীরা উত্তর করতে পারবে এমন প্রস্তুতি করা হয়েছে।

পরীক্ষা চলাকালে আইডিয়াল স্কুল চত্বরে শত শত অভিভাবককে উৎকর্ষের সঙ্গে অপেক্ষা করতে দেখা গেছে। ছাত্রছাত্রীদের তুলনায় অভিভাবকদের উৎসাহই যেন বেশি। সরকারি কর্মকর্তা সাহাবুজ্জামান মুন্সি বলছিলেন, খুবই চিন্তায় আছি ছেলের ভর্তি নিয়ে। এখানে ভাল পাবেন কিনা তার কোন নিশ্চয়তা নেই।

আর এ অনিশ্চয়তার কারণে ছেলে-মেয়েদের ভর্তির জন্য ঐতিহাসিক স্কুলের ফরম তুলেছেন প্রায় সকল অভিভাবক। মাসদিন আতনয় বলছিলেন, 'আমার ইচ্ছা মেয়েকে একটি ভাল স্কুলে ভর্তি করানো। তাই বেসরকারি স্কুলের পাশাপাশি সরকারি স্কুলের ফরমও তুলেছি।

আইডিয়াল স্কুলের সিনিয়র সিনিয়র দ্বিতীয়, তৃতীয় ও ৬ষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা আগামীকাল সোমবার এবং ৩য়, ৫ম, ৭ম ও ৯ম শ্রেণীর ভর্তি পরীক্ষা ৮ই জানুয়ারি অনুষ্ঠিত হবে। বন্দ্রী শাখার পরীক্ষা শুরু হবে আগামী ১০ই জানুয়ারি থেকে।

এসিকে ঢাকার ২৪টি সরকারি স্কুলের ভর্তি ফরম তোলায় শেষ তারিখ আজ সোমবার। ৯ই জানুয়ারি থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে। তিনটি পর্যায়ে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয়ভাবে শিফা অধিদপ্তর ফলাফল প্রকাশের দায়িত্ব পালন করবে। সরকারি স্কুলগুলোতে ভর্তির ক্ষেত্রে ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষায় বাংলায় ৫০ এবং গণিতে ৫০ নম্বরের প্রশ্ন থাকবে। ৩য় থেকে ৯ম শ্রেণী পর্যন্ত বাংলায় ৩০, ইংরেজিতে ৩০ এবং গণিতে ৪০ নম্বরের প্রশ্ন থাকবে। সরকারি স্কুলগুলোর ভর্তি পরীক্ষা শুরু আগামী কর্তৃপক্ষের সঙ্গে কোন কোন অভিভাবক সেনা দরবার শুরু করেছেন বলে অভিযোগ শোনা যাচ্ছে।